



সম্পাদক  
শাহাদত চৌধুরী  
নির্বাহী সম্পাদক  
মোহসিনুল আদনান  
প্রধান প্রতিবেদক  
গোলাম মোর্তোজা  
প্রতিবেদক  
জয়ন্ত আচার্য  
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু  
সহযোগী প্রতিবেদক  
বদরুল আলম নাবিল  
আসাদুর রহমান, রুহুল তাপস  
প্রদায়ক  
জসিম মল্লিক  
প্রধান আলোকচিত্রী  
তুহিন হোসেন  
আলোকচিত্রী  
আনোয়ার মজুমদার  
নিয়মিত লেখক  
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী  
ফাহিম হুসাইন, হাসান মূর্তাজা  
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন  
চট্টগ্রাম প্রতিনিধি  
সুমি খান  
যশোর প্রতিনিধি  
মামুন রহমান  
সিলেট প্রতিনিধি  
নিজামুল হক বিপুল  
বিশেষ বিদেশ প্রতিনিধি  
মিজানুর রহমান খান  
হলিউড প্রতিনিধি  
মুনাওয়ার হুসাইন পিয়াল  
নিউইয়র্ক প্রতিনিধি  
আকবর হায়দার কিরণ  
ওয়াশিংটন প্রতিনিধি  
নাসিম আহমেদ  
যুক্তরাজ্য প্রতিনিধি  
শাহরিয়ার ইকবাল রাজ  
কম্পিউটার গ্রাফিক্স প্রধান  
নুরুল কবীর  
শিল্প নির্দেশক  
কনক আদিত্য  
জেনারেল ম্যানেজার  
শামসুল আলম

যোগাযোগ  
৯৬/৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০  
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩  
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯  
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪  
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত  
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০  
ইমেল : s2000@dbn-bd.net

দাম : ২০ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড  
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর  
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত  
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও  
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

এক ঝাঁক তরুণের অনুসন্ধিৎসু দৃষ্টি, প্রবীণের পৃষ্ঠপোষকতায় সাপ্তাহিক ২০০০ এগিয়ে চলেছে। মূলত শৃঙ্খলমুক্ত সাংবাদিকতার প্লাটফর্ম হিসেবে আমরা পত্রিকাকে দাঁড় করাতে চেয়েছি। অতীতের মতো সত্যকে গোপন নয়, নিরপেক্ষতার নামে সত্য মিথ্যার মাঝখানে নয়, বরং আমরা কঠিন সত্যকে দৃঢ়ভাবে স্থাপন করার চেষ্টা করেছি। আমাদের লেখার ক্ষিপ্ততাই আমাদের সৌন্দর্য হয়ে উঠেছে। দেশে, প্রবাসে লাখো পাঠকের ভালোবাসা প্রতিনিয়ত আমাদের উদ্দীপ্ত করেছে। পাঠকের ভালোবাসা নিয়েই সফলতার সঙ্গে আমরা পাঁচ বছর অতিবাহিত করেছি। শক্ত ভিতের ওপরই সাপ্তাহিক ২০০০ পদার্পণ করেছে ষষ্ঠ বর্ষে।

রাজনৈতিক অঙ্গন গত বছর নিরুত্তাপেই কেটেছে। এ কারণে সামাজিক রিপোর্টের ওপর আমরা গুরুত্ব বেশি দিয়েছি। প্রকাশিত হয়েছে বেশ কয়েকটি অনুসন্ধানী দুর্নীতির প্রতিবেদন। দিনে ৬ লাখ টাকার চান্দা। নগর ভবনে ৬৭০ কোটি টাকা লুটপাট। বিপন্ন সুন্দরবন, যেভাবে লুট হচ্ছে ৪১০ কোটি টাকা। প্রতিটি রিপোর্ট প্রশাসনকে দারুণভাবে নাড়া দিয়েছে। সামাজিক প্রতিবেদনগুলোতে পেয়েছি পাঠকের তীব্র প্রতিক্রিয়া। সামাজিক দায়বদ্ধতায় আমরা আয়োজন করেছি নিডো গল্প লেখো, গল্প জিতো প্রতিযোগিতা। হরলিকস্ স্মার্ট মা, জিনিয়াস বাংলাদেশ। শার্কের সঙ্গে কে হবে লাখপতি। আমরা বিশেষ সংখ্যাগুলোতে তরুণ প্রতিশ্রুতিশীল লেখকদের লেখা প্রকাশের ওপর দিয়েছি অধিক গুরুত্ব। দেশের বিকাশমান পোশাক শিল্পের অগ্রগতির জন্য বিশেষ ফ্যাশন প্রতিযোগিতা। পাঠকের অনুভূতিকে আমরা সব সময় দিয়েছি গুরুত্ব। মানবিক মূল্যবোধকেই আমরা সামনে নিয়ে এসেছি। এ কারণেই বর্ষপূর্তি সংখ্যায় মানব-মানবীর চিরন্তন আবেগ প্রেমের বিবর্তনকেই প্রচ্ছদ করা হয়েছে।

প্রেম শাস্ত্র হলেও যুগে যুগে প্রেমের প্রতি মানুষের মনোভাব পাল্টেছে। যাটের দশকের প্রেমিক- প্রেমিকারা পারস্পরিক পছন্দকে অধিক গুরুত্ব দিতো। আজকের প্রেমিক-প্রেমিকারা সময়ের চাহিদার কারণে বেশ বাস্তববাদী। সাপ্তাহিক ২০০০ প্রেম সম্পর্কে আজকের তরুণদের ভাবনা নিয়ে জরিপ পরিচালনা করে। এই জরিপে বেরিয়ে এসেছে আজকের তরুণের মানসিকতা। যার সঙ্গে প্রেম তার সঙ্গেই বিয়ে, এমন ধারণা পোষণ করতো দুই যুগ আগের প্রেমিক-প্রেমিকা। তখন বিয়ের জন্য প্রেম। আজকের প্রজন্ম প্রেমের শেষ পরিণতি বিয়ে নাও হতে পারে বলে ধরে নিয়েছে। উত্তরদাতাদের শতকরা ৪৭ ভাগই এমন অভিমত দিয়েছে। অনেকে প্রেমের চেয়ে বন্ধুত্বের ওপর গুরুত্ব দিয়েছে। প্রেমের ক্ষেত্রে শরীরের প্রস্তুতির বেলায় খোলাখুলি উত্তর এসেছে।

তবে প্রেমের সুষ্ঠু পরিবেশ নেই এমন হাহাকার প্রেমিক-প্রেমিকার মধ্যে তীব্রভাবে দেখা দিয়েছে। আসলে একটু নিরিবিলি পরিবেশ সত্যিই আমরা তাদের জন্য করতে ব্যর্থ হয়েছি। অথচ সুষ্ঠু একটি সমাজ বিনির্মাণের জন্য প্রয়োজন হৃদয়ের মানবিক বিকাশের। এ কারণে সর্বত্র সাহিত্যে প্রেমের জয়গান করা হয়েছে। এই জয়গানের সঙ্গে আমরা আজ মিলিয়েছি সুর।

ষষ্ঠ বর্ষে পদার্পণ উপলক্ষে সকল পাঠক, গ্রাহক, এজেন্ট, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের আন্তরিক শুভেচ্ছা।

প্রচ্ছদের ছবি : তুহিন হোসেন

নতুন ইমেল : s2000@dbn-bd.net